# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৮৪

১/ পবিত্রতা (كتاب الطهارة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ লজ্জাস্থান স্পর্শের কারণে উযু।

باب الْوُضُوءِ مِنْ مَسِّ الذَّكَرِ

আরবী

وَرَوَى هَذَا الْحَدِيثَ أَبُو الزِّنَادِ، عَنْ عُرْوَةَ، عَنْ بُسْرَةَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . حَدَّثَنَا بِذَلِكَ، عَلِيُّ بْنُ حُجْرٍ قَالَ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ أَبِي الزِّنَادِ، عَنْ أَبِيهِ، عَنْ عُرْوَةَ، عَنْ بُسْرَةَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْوَهُ . وَهُوَ قَوْلُ غَيْرِ وَاحِدٍ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَالتَّابِعِينَ وَبِهِ يَقُولُ الأَوْزَاعِيُّ وَالشَّافِعِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ . قَالَ مُحَمَّدٌ وَأَصَحُّ شَيْءٍ فِي هَذَا الْبَابِ حَدِيثُ بُسْرَةَ . وَقَالَ أَبُو زُرْعَةَ حَدِيثُ أُمِّ حَبِيبَةَ فِي هَذَا الْبَابِ صَحِيحٌ وَهُوَ حَدِيثُ الْعَلاَءِ بْنِ الْحَارِثِ عَنْ مَكْحُولٍ عَنْ عَنْبَسَةَ بْنِ أَبِي سُفْيَانَ عَنْ أُمِّ حَبِيبَةَ . وَقَالَ مُحَمَّدٌ لَمْ يَسْمَعْ مَكْحُولٌ مِنْ عَنْبَسَةَ بْنِ أَبِي سُفْيَانَ وَرَوَى مَكْحُولٌ عَنْ رَجُلٍ عَنْ عَنْبَسَةَ غَيْرَ هَذَا الْحَدِيثِ . وَكَأَنَّهُ لَمْ يَرَ هَذَا الْحَدِيثَ صَحِيحًا .

বাংলা

৮৪. আবূয যিনাদ (রহঃ) উরওয়া-বুসরা রাদিয়াল্লাহু আনহু সনদে এটির বর্ণনা করেছেন। এই সনদে আলী ইবনু হুজরও আমাকে হাদিসটির রিওয়ায়ত করেছেন। - তিরমিজী হাদিস নম্বরঃ ৮৪ [আল মাদানী প্রকাশনী]

একধিক সাহাবী ও তাবিঈ এই ধরনের বিধান দিয়েছেন। ইমাম আওযাঈ, শাফিঈ, আহমদ এবং ইসহাকও এ অভিমত ব্যক্ত করেছেন। মুহাম্মাদ আল বুখারী (রহঃ) বলেনঃ এই বিষয়ে বুসরা রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদিসটই অধিকতর সহীহ। আবূ যুর'আ বলেনঃ উম্মু হাবীবা রাদিয়াল্লাহু আনহা বর্ণিত হাদিসটি হল এই বিষয়ে বর্ণিত সর্বাধিক সহীহ। এটি হল আল-আলা ইবনু হারিছ---মাকহুল আম্বাসা ইবনু আবী সুফইয়ান---- উম্মু হাবীবা রাদিয়াল্লাহু আনহা সনদে বর্ণিত হাদিস। মুহাম্মাদ আল-বুখারী বলেন মাকুল আম্বাসা ইবনু আবী সুফইয়ান থেকে কোন রিওয়ায়াত শুনেন নাই। ইনি মূলত এ হাদিস ছাড়া অন্যান্য হাদিস জনৈক ব্যক্তির সূত্রে আম্বাসা থেকে বর্ণনা করেছেন। সরাসারি আম্বাসা থেকে বর্ণনা করেন নাই। সুতরাং ইমাম মুহাম্মাদ আল-বুখারী (রহঃ) মাকহুল--আম্বাসা সূত্রে বর্ণিত রিওয়ায়াতটি সহীহ বলে মনে করেন না।

## English

Busrah narrated that :
the Prophet said a similar Hadith

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ যিনাদ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=16407

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন